

# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি-চতুর্থ

বিষয় :- ভূগোল/বিজ্ঞান

একক:-জীবিকা ও সম্পদ

উপএকক:-শিল্পের প্রকারভেদ

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

1.প্রঃ ক্ষুদ্র ও কুটির শিল্প কাকে বলে?

উঃযে শিল্পে আট থেকে দশ জন শ্রমিক বা কারিগর, অল্প মূলধন, অল্প কাঁচামাল, ও ছোটখাট যন্ত্রপাতি লাগে এবং ছোট কারখানায় জিনিস তৈরি হয় তাকে ক্ষুদ্র শিল্প বলে।যেমন-তাঁতকল, চালকল ইত্যাদি।

যে শিল্পে আট থেকে দশ জন কারিগর অল্প মূলধন, অল্প কাঁচামাল ও ছোট খাট যন্ত্রপাতি দিয়ে বাড়িতে বসে পারিবারিক ভিত্তিতে জিনিস তৈরি হয় তাঁকে কুটির শিল্প বলে।যেমন-মাদুর শিল্প, বেত শিল্প ইত্যাদি।

2.প্রঃ মাঝারি শিল্প কাকে বলে?

উঃ পঞ্চাশ থেকে একশ জন শ্রমিক, মাঝারি মানের মূলধন, একটু বড় ও একটু বেশি যন্ত্রপাতি দিয়ে কারখানায় জিনিস উৎপাদন হয় তাকে মাঝারি শিল্প বলে। যেমন - পাটজাত দ্রব্য, গ্লাস ও সিরামিকের তৈরি দ্রব্য, জুতো শিল্প ইত্যাদি।

3.প্রঃ বৃহৎশিল্প কাকে বলে?

উঃ যে শিল্পে একশ র বেশি শ্রমিক, প্রচুর মূলধন, প্রচুর পরিমাণে কাঁচামাল ও বড় বড় যন্ত্রপাতি দিয়ে বড় কারখানায় জিনিস তৈরি হয় তাকে বৃহৎশিল্প বলে। যেমন- মোটরগাড়ি নির্মাণ, রসায়ণ শিল্প, সিমেন্ট শিল্প ইত্যাদি।

4.প্রঃ ক্ষুদ্রশিল্প ও কুটির শিল্প উভয় ক্ষেত্রেই অল্প কারিগর, অল্প মূলধন, অল্প যন্ত্রপাতি এবং অল্প কাঁচামাল লাগলেও কখন এই দুটিকে পৃথক করা যাবে?

অথবা

ক্ষুদ্র ও কুটির শিল্পের কোথায় মিল ও অমিল আছে লেখ।

উঃ ক্ষুদ্র ও কুটির শিল্পের শর্ত একই কিন্তু কুটির শিল্প গৃহ বা পরিবার ভিত্তিক আর ক্ষুদ্রশিল্প কারখানা ভিত্তিক।

5.প্রঃ ছোটখাট ইনিজনয়ারিং শিল্প,লৌহ ইস্পাত শিল্প -----কোনটি মাঝারি ও কোনটি বৃহৎশিল্পের অন্তর্গত? কেন? (নিজে লেখ)

6.প্রঃ কাপড় তৈরি ---কখন কুটির শিল্প ও কখন বৃহৎশিল্প?(নিজে লেখ)

বই খুব ভালো করে পড়বে ও প্রশ্নোত্তর গুলো ভালো করে পড়বে।

**বি:দ্র:**

ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য

Comment Box- এ পাঠাও।

- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।